উপজেলা পরিষদ কার্যালয়
সুনামগঞ্জ সদর, জেলা- সুনামগঞ্জ।
sadar.sunamganj.gov.bd

নভেম্বর ২০১৭ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ	:	১৬ নভেম্বর ২০১৭ খ্রি.।
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা।
স্থান	:	উপজেলা পরিষদ মিলনায়তন, সুনামগঞ্জ সদর।
সভাপতি	:	দেওয়ান জয়নুল জাকেরীন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপরঃ নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, গত ০২/১১/২০১৭ তারিখ সুনামগঞ্জ সদর উপজেলাধীন সুনামগঞ্জ সুরমা ইউনিয়নের কোনাগাঁও নিবাসী বীর মুক্তিযোদ্ধা আব্দুছ ছাত্তার, পিতা মৃত-আঃ ওয়াহেদ বার্ধক্য জনিত কারণে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। জাহাঙ্গীরনগর ইউনিয়নের ইসলামপুর নিবাসী বীর মুক্তিযোদ্ধা মোর্শেদ মিয়া, পিতা মৃত-আবদুস সোবহান ফকির গত ০৭/১১/২০১৭ তারিখে অসুস্থতাজনিত কারণে নিজ বাড়ীতে মৃত্যুবরণ করেন, সুনামগঞ্জ পৌরসভার হাছননগর নিবাসী বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী, পিতামৃত- আসকর আলী গত ০৮/১১/২০১৭ তারিখে অসুস্থতাজনিত কারণে নিজ বাড়ীতে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। তিনি উক্ত বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালনসহ শোক প্রস্তাব গ্রহণের জন্য সভায় প্রস্তাব পেশ করেন।	এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন শেষে শোক প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হয়।	সংশ্লিষ্ট সকল।
০২	চেয়ারম্যান ও সভাপতি উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প যাছাই-বাছাই কমিটি নিকট হতে ১,৭০,০০,০০০/- (এক কোটি সত্তর লক্ষ) টাকার প্রকল্প তালিকা পাওয়া গিয়াছে। তিনি প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করেন (পরিশিষ্ট-খ)। প্রাপ্ত প্রকল্পসমূহ সভায় অনুমোদন দেওয়ার বিষয়ে গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। তিনি আরও জানান বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দ খাতওয়ারী বিভাজন করা হয়েছে। তিনি সভায় অত্র উপজেলার শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, বিশুদ্ধ পানীয় জলের অভাবপুরণের জন্য গভীর নলকূপ ও যোগাযোগ ব্যবস্থার অগ্রগতিসহ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা	আলোচনান্তে দাখিলকৃত প্রকল্পসমূহ (পরিশিষ্ট-খ) সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা প্রকৌশলী এলজিইডি সুনামগঞ্জ সদর।

	করা হয়।		
০৩	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, ইউনিয়ন সমন্বয় কমিটির (ইউডিসিসি) সমূহের সভার কার্যবিবরণী কপি যথা সময়ে উপজেলায় প্রেরণ করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে ইউনিয়ন সমন্বয় কমিটির (ইউডিসিসি) সমূহের সভার কার্যবিবরণী কপি উপজেলা পরিষদের প্রেরণের জন্য সর্বসমৃতক্রিমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যান
০৪	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকা অনুযায়ী সাইট ভিজিট করে প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সবাই একমত পোষন করেন।	২০১৭-২০১৮ অর্থ বছরের দাখিলকৃত প্রকল্পের প্রাক্কলন অনুযায়ী দ্রুত কাজ বাস্ত বায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর।
০৫	চেয়ারম্যান, মোহনপুর ইউ/পি জানান যে, বন্যায় ক্ষতিগ্রস্থের কারণে বস্তুগত অবকাঠামোর প্রকল্প বরাদ্দ বাড়ানো জন্য অনুরোধ করেন। তাছাড়া সকল ইউ/পি চেয়ারম্যানগন সভায় জানান এডিপি' কাজ ৫০% পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে এডিপি'র বরাদ্দকৃত অর্থের ৫০% কাজ পিআইসি'র মাধ্যমে বাস্ত বায়নের সিদ্ধান্ত প্রদানের জন্য মন্ত্রণালয়ে পত্র লিখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ।
০৬	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, ইউনিয়ন পরিষদে টিউবওয়েলের তালিকার জন্য ১টি রেজিস্টার সংরক্ষণ করা প্রয়োজন। উপজেলা পরিষদের টিউবওয়েগুলো প্রত্যেক ইউনিয়ন পরিষদের সম্পদ রেজিস্টারে লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সম্পদ রেজিস্টারে টিউবওয়েলের তালিকা সংরক্ষণ করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত গৃহীত।	চেয়ারম্যান ইউ/পি (সকল)।
০৭	উপজেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, আগামী ১৯ নভেম্বর ২০১৭ তারিখ হতে পিএসসি পরীক্ষায় ৩ জন করে গ্রাম পুলিশ ও ৩ জন করে আনসার নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট-২০১৭ প্রতিযোগিতায় হোসেন বখত ফরিদা বখত সরকারী প্রাথমিক বিদ্যালয় বিভাগীয় পর্যায়ে অংশ গ্রহন করে শ্রেষ্ঠ হয়েছেন এবং জাতীয় পর্যায়ে খেলায় অংশ গ্রহণের জন্য আর্থিক সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে (ক) পিএসসি পরীক্ষায় গ্রাম পুলিশ নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউ/পি/ চেয়ারম্যানগনকে অনুরোধ করা হয়। (খ) বিভাগীয় পর্যায়ে অংশ গ্রহণের জন্য আর্থিক সহায়তা হিসেবে ১০,০০০/- টাকা এবং জাতীয় পর্যায়ে অংশ গ্রহণের জন্য ১০,০০০/- টাকা উপজেলা পরিষদের	চেয়ারম্যান ইউ/পি (সকল) চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসার,

		রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বস্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
০৮	চেয়ারম্যান, কুরবাননগর ইউ/পি সভায় উপজেলা পরিষদের ব্যানারে উপজেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে সুনামগঞ্জ জেলা ষ্টেডিয়াম মাঠে কুস্তি খেলা অনুষ্ঠানের জন্য একটি প্রস্তাব পেশ করেন। তিনি আরও জানান যে, এতে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের সদয় সম্মতি রয়েছে। উক্ত প্রস্তাবের উপর গুরুত্বসহকারে আলোচনা করা হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে সুনামগঞ্জে কুস্তি খেলা খুবই জনপ্রিয় খেলা। গ্রামীন এই জনপ্রিয় খেলা আগামী ২০ ডিসেম্বর ২০১৭ তারিখ সুনামগঞ্জ জেলা ষ্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত হবে। উক্ত খেলায় ১ম পুরস্কার হিসেবে ১টি টেলিভিশন এবং অংশ গ্রহণকারীদের জন্য মেডেল ও অতিথিদের জন্য গামছা প্রদানের প্রস্তাব করেন। তিনি আরও জানান যে, উক্ত খেলা পরিচালনা ব্যয় বাবদ প্রায় ১,৫০,০০০/- টাকা, সুনামগঞ্জ সদর উপজেলার টিম তাহিরপুর উপজেলায় কুস্তি খেলায় অংশ গ্রহনের ব্যয় বাবদ ২০,০০০/- টাকা এবং উপজেলা অফিসার্স ক্লাবের ব্যাডমিন্টন খেলার ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য ৩০,০০০/- টাকাসহ সর্বমোট ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা বরাদ্দ অনুমোদনের বিষয়ে সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে (ক) উপজেলা পরিষদের সার্বিক পৃষ্ঠপোষকতায় কুস্তি খেলা সম্পাদনের জন্য উপজেলা ক্রীড়া সংস্থা কর্তৃক জেলা ক্রীড়া সংস্থার কাছে জেলা ষ্টেডিয়াম ব্যবহারের অনুমতি চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং কুস্তি খেলা পরিচালনা ব্যয় ও অফিসার্স ক্লাবের ব্যাডমিন্টন খেলার ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য সর্বমোট ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে বরাদ্দ অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা ক্রীড়া সংস্থা, সুনামগঞ্জ সদর।
০৯	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জনাব মোঃ সাকিল আহমদ, বাংলাদেশ মানবাধিকার কমিশন, সুনামগঞ্জ জেলা শাখার আবেদন পাঠ করে শুনান। উক্ত আবেদনে বাংলাদেশ মানবাধিকার কমিশন, সুনামগঞ্জ জেলা কমিটি কক্সবাজারের উখিয়ায় মিয়ানমারে রোহিঙ্গা শরনার্থীদের আর্থিক সাহায্যের প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আলোচনান্তে রোহিঙ্গা শরনার্থীদের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর।
১০	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর সভায় জানান যে, জনাব মফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক, লোকদল শিল্পী গোষ্টি ও লোকজ সংগীত বিদ্যালয় কর্তৃক গত ২৫/১০/২০১৭ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদনে ৪ ও ৫ নভেম্বর ২০১৭ তারিখে ১৯তম বর্ষপুর্তি উৎসব অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠান পরিচালনার জন্য আর্থিক সহায়তার আবেদন করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর আরও জানান জেলা শিল্পকলাতে লোকদল শিল্পী গোষ্টি ও লোকজ সংগীত বিদ্যালয় কর্তৃক আয়োজিত	আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের সাংস্কৃতিক খাত হতে লোকদল শিল্পী গোষ্টিকে ১০,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর ও উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর।